দাওয়াহ ইলাল্লাহ ফোরামের নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৬ ঈসায়ী

আল হাদীস আর্কাইভ - ২০১৬

দাওয়াহ ইলাল্লাহ ফোরামের

নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৬ ঈসায়ী

সূচিপত্র

সহজ দশটি জিকির..... ৪

সংক্ষিপ্ত ব্যাখ্যাসহ ঈমানের শাখা –গুলোর বর্ণনা- ৬

হাদিস তাফসীর - হাদিসে জিব্রাইল ৯

নিজের ইমানকে ঝালাই করুন, জিহাদের পথে অবিচল থাকুন ৩৪

ইয়ামান দেশ রাসূল (সাঃ) এর ভালবাসার দেশ ৩৭

অতএব সুসংবাদ দাও ধৈর্যশীলদের – ভাইদেরকে পড়ার জন্য বিনীত অনুরোধ রইলো। ৪৪

হে উলামায়ে উম্মাহ! ৫৮

ইমাম নববি (রহিমাহুল্লাহ) এর ৪০ হাদিস (অনুবাদ)..... ৬১

সহজ দশটি জিকির

Umar Faruq

Senior Member

০১-২৫-২০১৬

সহজ দশটি জিকির যার সাওয়াব অনেক বেশি ।

১) প্রতিদিন ১০০ বার **سبحان الله** (সুবহা-নাল্লাহ) পাঠ করলে ১০০০ সাওয়াব লিখা হয় এবং ১০০০ গুনাহ মাফ করা হয় ।[সহীহ মুসলিম-৪/২০৭৩]

২) **الحمد لله** (আল হামদুলিল্লাহ) মীযানের পাল্লাকে ভারী করে দেয় এবং সর্বোত্তম দোআ'। [তিরমিযী-৫/৪৬২, ইবনে মাযাহ-২/১২৪৯, হাকিম-১/৫০৩, সহীহ আল জামে'-১/৩৬২]

৩) **لا اله الا الله** (লা ইলা- হা ইলাল্লাহ) হলো সর্বোত্তম যিকর। [তিরমিযী-৫/৪৬২, ইবনে মাযাহ-২/১২৪৯, হাকিম-১/৫০৩, সহীহ আল জামে'-১/৩৬২]

(৪) **سبحان الله والحمد لله ولا اله الا الله والله اكبر**

(সুবহা-নাল্লাহি ওয়াল হামদুলিল্লাহি ওয়া লা ইলাহা ইলাল্লাহু ওয়াল্লাহু আকবর) এই কালিমাগুলি আল্লাহর নিকট অধিক প্রিয় এবং নবী (সঃ) বলেনঃ পৃথিবীর সমস্ত জিনিসের চইতে আমার নিকট অধিক প্রিয়। [সহীহ মুসলিম -৩/১৬৮৫, ৪/২০৭২৫)

৫) যে ব্যক্তি **سبحان الله وبحمده** (সুবহা- নাল্লাহি ওয়া বিহামদিহী) প্রতিদিন ১০০ বার পাঠ করবে সমুদ্রের ফেনা পরিমান (সগীরা) গুনাহ থাকলে ও তাকে মাফ করে দেওয়া হবে। [সহীহ আল- বুখারী-৭/১৬৮, সহীহ মুসলিম-৪/২০৭১]

৬) নবী (সঃ) বলেনঃ **سبحان الله وبحمده سبحان الله العظيم** (সুবহা-নাল্লাহি ওয়া বিহামদিহী সুবহা-নাল্লাহিল'আজীম) এই কালীমাগুলি জিহ্বায়

উচ্চারনে সহজ, মীযানের পাল্লায় ভারী, দয়াময় আল্লাহর নিকট প্রিয়। [সহিহ আল- বুখারী-৭/১৬৮, সহীহ মুসলিম-৪/২০৭২]।

৭) যে ব্যক্তি **سبحان الله العظيم وبحمده**(সুবহা-নাল্লাহিল 'আজীম ওয়া বিহামদিহী)পাঠ করবে প্রতিবারে তার জন্য জান্নাতে একটি করে (জান্নাতী) খেজুর গাছ রোপন করা হবে । [আত-তিরমিযী-৫/৫১১,আল-হাকীম-১/৫০১, সহীহ আল-জামে'-৫/৫৩১, সহীহ আত- তিরমিজী-৩/১৬০]

৮) নবী (সঃ) বলেনঃ **لا حول ولا قوة الابالله** (লা হাওলা ওয়া লা কুয়্যাতা ইল্লা বিল্লাহ) হচ্ছে জান্নাতের গুপ্তধন সমুহের মধ্যে একটি গুপ্তধন। [সহীহ আল-বুখারী -১১/২১৩, সহীহ মুসলিম- ৪/২০৭৬]

৯) নবী (সঃ) বলেনঃ

سبحان الله والحمد لله ولا اله الا الله والله اكبرو لا حول ولا قوة الا بالله

(সুবহা-নাল্লাহি ওয়াল হামদুলিল্লাহি ওয়া লা ইলাহা ইলাল্লাহু ওয়াল্লাহু আকবর ওয়া লা হাওলা ওয়া লা কুয়্যাতা ইল্লা বিল্লাহ) এই কালীমাগুলি হচ্ছে "অবশিষ্ট নেকআ'মল সমুহ" । [আহমাদ (সহীহ)-৫১৩, মাজমাউজ জাওয়াঈদ-১/২৯৭]

১০) নবী (সঃ) বলেনঃ যে ব্যক্তি আমার প্রতি একবার দুরুদ পাঠ করবে আল্লাহ তাআ'লা তার প্রতি দশ বার রহমত বরষন করবেন।

সংক্ষিপ্ত দুরুদঃ **اللهم صل و سلم علي نبينا محمد** (আল্লাহুম্মা ছাল্লি ওয়া সাল্লিম আলা নাবিয়্যিনা মুহাম্মাদ।) এবং তিনি (সঃ) আরো বলেনঃ যে ব্যক্তি আমার প্রতি সকালে দশবার এবং বিকেলে দশবার দুরুদ পাঠ করবে সে ব্যক্তি কিয়ামতের দিন আমার শাফায়াত পাবে। [তাবারানী, মাজময়াউজ জাওয়াঈদ]

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৮৭০

সংক্ষিপ্ত ব্যাখ্যাসহ ঈমানের শাখা -গুলোর বর্ণনা

Julfiqar

Junior Member

০৫-০১-২০১৬

ইবনে হিব্বান (রঃ) কর্তৃক বর্ণিত ঈমানের শাখা -গুলো হাফেজ ইবনে হাজার আসকালানী ফতহুল বারীতে সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন। এই শাখা গুলো তিন প্রকার। (১) এমন কিছু শাখা আছে যা অন্তরের সাথে সম্পৃক্ত। (২) কতিপয় শাখা জবানের সাথে সম্পৃক্ত এবং (৩) এমন কতিপয় শাখা রয়েছে, শরীরের সাথে সম্পৃক্ত।

প্রথমতঃ
অন্তরের কাজসমূহঃ নিয়ত ও বিশ্বাস হচ্ছে অন্তরের কাজ। ঈমানের যেসমস্ত শাখা অন্তরের সাথে সম্পৃক্ত তার সংখ্যা ২৪টি। নিম্নে তা বিস্তারিতভাবে বর্ণনা করা হল।

(১) আল্লাহর প্রতি ঈমানঃ

আল্লাহর জাত (সত্বা), সিফাত (গুণাবলী) এবং একত্ববাদের প্রতি ঈমান আনয়নও আল্লাহর প্রতি ঈমানের অন্তর্ভূক্ত। তবে স্মরণ রাখা জরুরী যে, আল্লাহ্ স্বীয় সত্বা ও গুণাবলী কোন সৃষ্টির মত নয়। আল্লাহ তা'আলা বলেনঃ

لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ وَهُوَ السَّمِيْعُ الْبَصِيْر

"কোন কিছুই তাঁর অনুরূপ নয়। তিনি শুনেন এবং দেখেন"। (সূরা শুরাঃ ১১)

(২) এই বিশ্বাস করা যে আল্লাহ্ ব্যতীত অন্যান্য সকল বস্তুই ধ্বংসশীল। (৩) এমনিভাবে আল্লাহর ফেরেশতা (৪) আসমানী কিতাব (৫) নবী-রাসূল (৬) তাকদীরের ভালমন্দ এবং (৭) আখেরাতের প্রতি ঈমান। কবরের প্রশ্নোত্তর, পুনরুত্থান, হিসাব, আমলনামা প্রদান, মীযান, পুলসিরাত, জান্নাত এবং জাহান্নামের প্রতি ঈমান আনয়ন করাও অন্তরের কাজসমূহের অন্তর্ভূক্ত। (৮) আল্লাহকে ভালবাসা, আল্লাহর জন্যেই কাউকে ভালবাসা, আল্লাহর জন্যেই কাউকে ঘৃণা করা, (৯) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে ভালবাসা ও তাঁকে সম্মান করাও অন্তরের কাজ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর উপর

দরূদ পাঠ ও তাঁকে ভালবাসা ও সম্মান প্রদর্শন তার অন্তর্ভূক্ত। (১০) তাঁর সুন্নাতের অনুসরণ করা (১১) একনিষ্ঠতার সাথে আল্লাহর এবাদত করা আবশ্যক- এর প্রতি ঈমান আনয়নও অন্তরের কাজের অন্তর্ভূক্ত। রিয়া তথা লোক দেখানো আমল ও মুনাফেকী পরিহার করাও এর অন্তর্ভূক্ত। (১২) তাওবা করা (১৩) আল্লাহকে ভয় করা (১৪) আল্লাহর রহমতের আশা রাখা (১৫) আল্লাহর নেয়ামতের শুকরিয়া আদায় করা (১৬) ওয়াদা অঙ্গিকার পূর্ণ করা, (১৭) ধৈর্য ধারণ করা (১৮) তাকদীরের লিখনের উপর সন্তুষ্ট থাকা (১৯) আল্লাহর উপর ভরসা করা (২০) বিনয়-নম্রতা প্রদর্শণ করা, বড়কে সম্মান করা ও ছোটকে স্নেহ করাও এর অন্তর্ভূক্ত (২১) অহঙ্কার ও তাকাব্বরী বর্জন করা (২২) হিংসা বর্জন করা (২৩) কাউকে ঘৃণা না করা এবং (২৪) ক্রোধ বর্জন করা।

দ্বিতীয়তঃ

জবানের কাজসমূহঃ ঈমানের শাখা -সমূহের মধ্যে থেকে যেগুলোর সম্পর্ক জবানের সাথে তার সংখ্যা হল সাতটি। (১) তাওহীদের বাক্য অর্থাৎ মুখে লা-ইলাহা ইল্লাল্লাহ্ উচ্চারণ করা (২) কুরআন তেলাওয়াত করা (৩) ইলম্ শিক্ষা করা (৪) অপরকে ইল্ম শিক্ষা দেয়া (৫) দু'আ করা (৬) যিকির করা এবং ক্ষমা প্রার্থনা করাও এর অন্তর্ভূক্ত (৭) অযথা কথা-বার্তা থেকে বিরত থাকা।

তৃতীয়তঃ

শরীরের কাজসমূহঃ ঈমানের শাখাসমূহের মধ্যে থেকে যেগুলোর সম্পর্ক শরীরের সাথে, তার সংখ্যা হল ৩৮টি। এ শাখাগুলো আবার তিন ভাগে বিভক্ত। (ক) কতিপয় শাখা ব্যক্তি বিশেষের সাথে সম্পৃক্ত। এগুলোর সংখ্যা পনেরটি। (১) বাহ্যিক ও আভ্যন্তরীণ পবিত্রতা অর্জন করা (২) মিসকীন ও অসহায়কে খাদ্য দান করা (৩) মেহমানের সম্মান করা (৪) ফরজ রোজা পালন করা (৫) নফল রোযা পালন করা (৬) ইতেকাফ করা (৭) লাইলাতুল কদর অন্বেষণ করা (৮) হজ্জ পালন করা (৯) উমরা পালন করা (১০) কাবা ঘরের তাওয়াফ করা (১১) দ্বীন ও ঈমান নিয়ে টিকে থাকার জন্যে দেশ ত্যাগ। (১২) দ্বীন ও ঈমান বাঁচানোর জন্যে কাফের রাষ্ট্র ত্যাগ করে ইসলামী রাজ্যে চলে যাওয়া। (১৩) মানত পূর্ণ করা। ১৪) ঈমান বৃদ্ধির চেষ্টা করা ও (১৫) কাফ্ফারা আদায় করা।

ঈমানের এমন কতিপয় শাখা আছে, যা ব্যক্তির সাথে সংশ্লিষ্টদের সাথে সম্পৃক্তঃ

এগুলোর সংখ্যা মোট ৬টি। (১) বিবাহের মাধ্যমে চরিত্র পবিত্র রাখা (৬) পরিবারের ভরণ-পোষণের ব্যবস্থা করা (৩) পিতা-মাতার সেবা করা, তাদের অবাধ্য না হওয়া (৪) সন্তান প্রতিপালন করা (৫) আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা (৬) মনিবের প্রতি অনুগত থাকা ও অধীনস্তদের সাথে নরম ব্যবহার করা।

এমন কতিপয় শাখা রয়েছে, যা সকল মুসলমানের সাথে সম্পৃক্তঃ

এগুলোর সংখ্যা হচ্ছে ১৭টি। (১) ইনসাফের সাথে রাষ্ট্র পরিচালনা করা (২) মুসলিম জামা'তের অনুসরণ করা, (৩) শাসকদের আনুগত্য করা (৪) মানুষের মধ্যে ঝগড়া-বিবাদ মিটিয়ে দেয়া। বিশৃংঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে যুদ্ধ করাও এর অন্তর্ভূক্ত (৫) সৎকাজে পরস্পর সহযোগিত করা, সৎকাজের আদেশ দেয়া এবং অসৎকাজের নিষেধ করাও এর অন্তর্ভূক্ত (৬) দন্ডবিধি কায়েম করা (৭) আল্লাহর রাস্তায় জেহাদ করা ও ইসলামী রাষ্ট্রের সীমানা পাহারা দেয়াও জেহাদের অন্তর্ভূক্ত (৮) আমানত আদায় করা এবং গণীমতের মালের পাঁচভাগের একভাগ আদায় করাও এর অন্তর্ভূক্ত (৯) ঋণ পরিশোধ করা (১০) প্রতিবেশীর সম্মান করা (১১) মানুষের সাথে ভাল ব্যবহার করা (১২) হালালভাবে সম্পদ উপার্জন করা এবং বৈধ পন্থায় তা খরচ করা এবং অপচয় না করা (১৩) সালামের উত্তর দেয়া (১৪) হাঁচিদানকারীর উত্তর প্রদান করা (১৫) মানুষের ক্ষতি করা থেকে বিরত থাকা (১৬) খেলা-তামাশা থেকে বিরত থাকা ও (১৭) রাস্তা থেকে কষ্টদায়ক জিনিষ সরিয়ে দেয়া।

এই হল ঈমানের ৬৯টি শাখা। কতিপয় শাখাকে অন্য শাখার সাথে একত্রিত গণনা না করে আলাদাভাবে হিসাব করলে ৭৭টি হবে। আল্লাহই ভাল জানেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?২৫৮৯

হাদিস তাফসীর – হাদিসে জিব্রাইল

Abu Salih

Junior Member

০৫-২৭-২০১৬

উমর বিন আল খাত্তাব (রাঃ) থেকে বর্ণিতঃ একদিন আমরা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর সাথে বসে ছিলাম, তখন আমাদের সামনে এক ব্যক্তি উপস্থিত হলেন যিনি অত্যন্ত সাদা কাপড় পরিহিত ছিলেন, তার চুল ছিল প্রচণ্ড কালো। তার মধ্যে সফরের কোন চিহ্ন দেখা যাচ্ছিলো না আর আমাদের কেউই তাকে চিনতাম না।

তিনি অগ্রসর হয়ে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর সামনে এসে নিজের দুই হাঁটু রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর দুই হাঁটুর সাথে মিলিয়ে দিলেন এবং তার দুই হাতের তালু তার [(সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বা নিজের]দুই উরুর উপর রাখলেন আর বললেন, "হে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম), আমাকে ইসলাম সম্পর্কে বলুন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "ইসলাম (অর্থাৎ এর স্তম্ভ) হল এই যে – (১) আপনি সাক্ষ্য দিবেন আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) তার রাসূল, (২) সালাত কায়েম করবেন, (৩) যাকাত আদায় করবেন, (৪) রামাদান মাসের সিয়াম পালন করবেন এবং (৫) আল্লাহ্*র ঘরে হজ করার সামর্থ্য থাকলে হজ পালন করবেন।" প্রশ্নকারী বললেন, "আপনি সত্য বলেছেন।"

উমর বিন আল খাত্তাব (রাঃ) বলেন, "এই নবাগত ব্যক্তিকে জিজ্ঞেস করতে ও উত্তরকে সত্য ও সঠিক বলে ঘোষণা করতে দেখে আমরা খুবই অবাক হলাম।"

সেই ব্যক্তি জিজ্ঞেস করলেন, "আমাকে ঈমান সম্পর্কে বলুন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) জবাব দিলেন, "ঈমান হল এই যে, আপনি আল্লাহ্*কে, তার ফেরেশতাদেরকে, তার কিতাবসমুহকে, নবী রাসূলদেরকে ও বিচার দিবসকে সত্য বলে বিশ্বাস করবেন এবং তাকদীরকে বিশ্বাস করবেন – তা ভালো বা মন্দ হোক।" সে ব্যক্তি বললেন, "আপনি সত্য বলেছেন।"

এরপর সেই ব্যক্তি আবার জিজ্ঞেস করলেন, "আমাকে ইহসান সম্পর্কে বলুন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "ইহসান হল এটি যে, আপনি এমনভাবে আল্লাহ্*র ইবাদাহ করবেন যেন আপনি তাকে দেখতে পাচ্ছেন, যদিও আপনি তাকে (দুনিয়াতে) দেখতে পাবেন না তবে (জেনে রাখুন) তিনি আপনাকে দেখছেন।"

সেই ব্যক্তি এবার জানতে চাইলেন, "কিয়ামত কবে হবে আমাকে সে সম্পর্কে বলুন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "এ ব্যাপারে জিজ্ঞাসিত ব্যক্তি জিজ্ঞাসাকারী অপেক্ষা বেশী জানে না।"

সেই ব্যক্তি এরপর বললেন, "আমাকে আপনি এর কিছু নিদর্শন বলুন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "দাসী তার নিজের কর্ত্রী (অথবা কর্তা) কে জন্ম দিবে, আর আপনি দেখবেন যে নগ্নপদ বিশিষ্ট নিঃস্ব ছাগলের রাখালেরা একে অপরের সাথে বিশাল বিশাল ভবন তৈরিতে প্রতিযোগিতা করবে।"

বর্ণনাকারী (উমর বিন আল খাত্তাব) বলেন, "এরপর সে (জিজ্ঞাসাকারী ব্যক্তি) তার পথে চলে গেল কিন্তু আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) সাথে অনেকক্ষণ ধরে অবস্থান করলাম।"

পরে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আমাকে বললেন, "উমার, তুমি কি জান জিজ্ঞাসাকারী ব্যক্তিটি কে ছিলেন ?" আমি জবাব দিলাম, "আল্লাহ এবং তার রাসূল (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) ই সবচেয়ে ভাল জানেন।"

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "তিনি ছিলেন জিব্রাইল। তিনি তোমাদেরকে দ্বীন শিক্ষা দেওয়ার জন্য তোমাদের কাছে এসেছিলেন।" (মুসলিম - কিতাবুল ঈমান, হাদিস ১/৮)

উপরোক্ত হাদিসটি শুধুমাত্র মুসলিমেই বর্ণিত আছে। তবে আবু হুরায়রা (রাঃ) এর বর্ণনাটি বুখারি ও মুসলিম উভয় কিতাবেই বর্ণিত আছে যা নিম্নরুপঃ

একদিন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর সাথে তার (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) সাহাবারা বসে ছিলেন এমন সময় এক ব্যক্তি তার (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কাছে আসলেন এবং জিজ্ঞেস করলেন,

“ঈমান কি ?” রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) বললেন, “ঈমান হল এটা যে আপনি বিশ্বাস স্থাপন করবেন আল্লাহ, তার ফেরেশতাগণ, তার কিতাবসমূহ, তার সাথে সাক্ষাত, তার নবী-রাসূলগণ এবং পরকালে পুনরুত্থানের উপর।”

সে ব্যক্তি জিজ্ঞাসা করলেন, “ইসলাম কি ?” রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) বললেন, “ইসলাম হল এটাই যে আপনি আল্লাহ ছাড়া কারো ইবাদাত করবেন না, সালাত কায়েম করবেন, যাকাত আদায় করবেন এবং রামাদান মাসে সিয়াম পালন করবেন।”

সে ব্যক্তি এরপর জিজ্ঞেস করলেন, “ইহসান কি ?” রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) বললেন, “ইহসান হল এটি যে, আপনি এমনভাবে আল্লাহ্*র ইবাদাত করবেন যেন আপনি তাকে দেখতে পাচ্ছেন, যদিও আপনি তাকে (দুনিয়াতে) দেখতে পাবেন না তবে (জেনে রাখুন) তিনি আপনাকে দেখছেন।”

সেই ব্যক্তি এবার জানতে চাইলেন, “কিয়ামত কবে হবে আমাকে সে সম্পর্কে বলুন।” রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) বললেন, “এ ব্যাপারে জিজ্ঞাসিত ব্যক্তি জিজ্ঞাসাকারী অপেক্ষা বেশী জানে না। তবে আমি আপনাকে এর লক্ষণগুলো বলতে পারি। এর একটি নিদর্শন হল, দাসী তার নিজের কর্ত্রী (অথবা কর্তা) কে জন্ম দিবে। এর আরেকটি নিদর্শন হল, যখন আপনি দেখবেন নগ্নপদ বিশিষ্ট লোকেরা জনগনের নেতা হবে, আর যখন কালো উটের রাখালেরা গর্ব-অহংকার আর একে অপরের সাথে সুদীর্ঘ ভবন নির্মাণে প্রতিযোগিতা শুরু করবে, এটি কিয়ামতের অন্যতম লক্ষন; এবং কেয়ামতের সময়ের ব্যাপারে জ্ঞান হল সেই পাঁচটি বিষয়ের একটি যার ব্যাপারে কেবল আল্লাহ ছাড়া আর কেউই জানে না।”

এরপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) তিলাওয়াত করলেনঃ

إِنَّ اللَّهَ عِندَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ ۖ وَمَا تَدْرِي نَفْسٌ مَّاذَا تَكْسِبُ غَدًا ۖ وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ ﴿٣٤﴾

“নিঃসন্দেহে কেবল আল্লাহ্*রই কেয়ামত সম্পর্কে জ্ঞান রয়েছে, তিনিই বৃষ্টি বর্ষণ করেন এবং তিনি তা জানেন যা জরায়ুতে আছে, কেউই বলতে পারে না

আগামীকাল সে কি অর্জন করবে, না কেউ জানে যে কোন স্থানে সে মৃত্যুবরণ করবে। নিঃসন্দেহে আল্লাহ সবই জানেন, তিনি সব বিষয়ে পরিপূর্ণভাবে অবগত।" (সূরা লুকমান, ৩১ : ৩৪)

এরপর সেই জিজ্ঞাসাকারী ব্যক্তি চলে গেলেন এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন (সাহাবীদেরকে), "সেই ব্যক্তিকে আমার কাছে নিয়ে এসো।"

কিন্তু যখন তারা সেই ব্যক্তিকে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর কাছে ফিরিয়ে আনার জন্য গেলেন, তখন তারা সেই ব্যক্তির কোন চিহ্ন পেলেন না।

এরপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "তিনি ছিলেন জিব্রাইল। তিনি লোকদেরকে তাদের দ্বীন শিক্ষা দেওয়ার জন্য এসেছিলেন।" (বুখারি - কিতাবুল ঈমান, হাদিস নং ৫০; মুসলিম - কিতাবুল ঈমান, হাদিস নং ৫/৯)

এই হাদিসের গুরুত্ব

এই হাদিসটি খুবই গুরুত্বপূর্ণ, কারন এই হাদিসটি দ্বীনের প্রত্যেক বিশেষ অংশের একটি ব্যাপক ব্যাখ্যা। ইসলাম, ঈমান ও ইহসানের তিনটি স্তর ব্যাখ্যার পর তিনি (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) তাদের সবগুলোকে একত্রে একটি একক দ্বীন হিসেবে হাদিসের শেষে এই বলে উল্লেখ করেছেন - "ইনি ছিলেন জিব্রাইল, যিনি তোমাদেরকে তোমাদের দ্বীন শিখাতে এসেছিলেন।"

এভাবে এই হাদিসটিতে ইসলামিক জ্ঞান বিজ্ঞানের সমস্ত শাখা অন্তর্ভুক্ত হল, যেমনি করে এটি ফিকহ,আকিদাহ, যুহদ, আত্মা কোমলকারী বিষয়, সৎ আমল এবং ইসলামিক জ্ঞান – এসবের মৌলিক বিষয়ও ঘিরে রেখেছে।

ইসলামের অর্থ

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) ইসলামকে ব্যাখ্যা করেছেন শরীরের বিভিন্ন অঙ্গ দ্বারা সম্পাদিত বাহ্যিক কাজকে, অর্থাৎ কথা ও আমলকে। এসব কাজের প্রথমটি হল মৌখিক – আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ

(সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আল্লাহ্*র রাসুল - এটা দৃঢ়ভাবে ঘোষণা করা। এই ঘোষণার দেওয়ার পর একজন মুসলিমের উপর যা করা ফরয তা হল সালাত কায়েম করা, যাকাত আদায় করা, রামাদানে সিয়াম পালন করা এবং সামর্থ্য থাকলে হজ করা।

ইসলামকে প্রদত্ত শ্রেণীগুলোতে ভাগ করা হয়েছেঃ

(১) শরীরের আমল (সালাত ও সিয়াম)।

(২) আর্থিক আমল (যাকাত আদায় করা)।

(৩) উপরোক্ত দুটি মাধ্যমের সম্মিলিত আমল (হজ পালন করা)।

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর হাদিস – "একজন মুসলিম তো সে, যে অন্য মুসলিমদের জিহ্বা (মুখের কথা) বা হাত দিয়ে ক্ষতি করা থেকে বিরত থাকে" (বুখারি - কিতাবুল ইমান, হাদিস নং ১০; মুসলিম - কিতাবুল ইমান, হাদিস নং ৪০/৬৪) – এটা ইঙ্গিত করে যে সব বাহ্যিক আমলই ইসলামের শ্রেণীর অধীনে অন্তর্ভুক্ত।

আবদুল্লাহ বিন আমর (রাঃ) থেকে বর্ণিত আছে যে, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞেস করলো, "ইসলামে কোন ধরনের (অথবা কোন গুণসম্পন্ন) আমল উত্তম ?" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "দরিদ্র লোকদের খাবার খাওয়ানো এবং পরিচিত ও অপরিচিত ব্যক্তিদের সালাম দেওয়া।" (বুখারি - কিতাবুল ইমান, হাদিস নং ১২; মুসলিম - কিতাবুল ইমান, হাদিস নং ৩৯/৬৩)

একইভাবে, নিষিদ্ধ কাজগুলো ছেড়ে দেওয়াও ইসলামের শ্রেণীর অন্তর্ভুক্ত, যেমন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "ব্যক্তি পর্যায়ে ইসলামের সর্বোত্তম বৈশিস্টগুলোর একটি হল যা তার সম্পর্কিত নয়,তা পরিত্যাগ করা।" (তিরমিযি - কিতাবুল যুহদ, হাদিস ২৩১৭; ইবন মাজাহ - কিতাবুল ফিকহ, হাদিস ৩৯৭৬)

নাওাস বিন সাম'আন (রাঃ) থেকে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "আল্লাহ সরল পথের যে উপমা দেখিয়েছেন তা হল এই যে - এটি দুই পাশের দেয়াল দ্বারা ঘেরা রয়েছে। দেয়ালগুলোর সামনে

রয়েছে উন্মুক্ত দরজা যেখানে পর্দা ঝুলিয়ে রাখা হয়েছে। প্রবেশপথে রয়েছে এক আহবানকারী যে বলে, 'হে লোকসকল, তোমরা সবাই এই পথে প্রবেশ করো এবং বিপথে যেয়ো না।' সেই পথের ভিতরে রয়েছে আরেকজন আহ্বানকারী যে সবাইকে (যারা অন্য কোন দরজা খুলতে চায়) আহবান করে, 'তোমাদের উপর দুঃখ আপতিত হোক, এই দরজা খুলবে না!' এটি হল ইসলামের পথ, আর দেয়ালগুলো হল আল্লাহ্*র বেঁধে দেওয়া সীমারেখা। উন্মুক্ত দরজাগুলো হল সেগুলো যেগুলোকে আল্লাহ হারাম করেছে এবং পথের মাথায় আহ্বানকারী হল আল্লাহ্*র কিতাব আর ভিতরের পথের আহ্বানকারী হল আল্লাহ্*র দেওয়া উপদেশ যা প্রত্যেক মুসলিমের অন্তরে থাকে।" (মুসনাদে আহমাদ – ৪/১৮২,১৮৩; তিরমিযি – কিতাবুল আমসাল, ২৮৫৯; নাসাঈ'র আল কুবরা কিতাব – কিতাবুত তাফসীর, ১১২৩৩)

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) ইসলামের সরল পথের এই উপমাবিশিস্ট পথ প্রদর্শন করে গেছেন যার ব্যাপারে আল্লাহ আমাদের আদেশ দিয়েছেন দৃঢ় থাকার জন্য এবং নিষেধ করেছেন যেন এর সীমার বাইরে না যাওয়া হয়, যে ব্যক্তি কোন নিষিদ্ধ কাজ করলো সে আল্লাহ্*র বেঁধে দেওয়া সীমা অতিক্রম করলো।

ঈমানের অর্থ

এই হাদিসে এটি বলার মাধ্যমে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) ঈমানকে সংজ্ঞায়িত করেছেন আন্তরিক বিশ্বাস হিসেবে – "ঈমান হল আল্লাহ্*কে, তার ফেরেশতাদেরকে, কিতাবসমুহকে, নবী রাসুলদেরকে, মৃত্যুর পর পুনরুত্থানকে এবং প্রত্যেক ভাল মন্দ সম্পর্কে তাকদীরকে সত্য বলে বিশ্বাস করা।"

এই পাঁচটি বিষয়ের উপর ঈমান আনার ব্যাপারে আল্লাহ কুরআনের বিভিন্ন অংশে উল্লেখ করেছেন, যেমনঃ

آمَنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِن رَّبِّهِ وَالْمُؤْمِنُونَ ۚ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهِ ۚ

“রাসুল সে বিষয়ের উপর ঈমান এনেছে যা তার উপর তার রবের পক্ষ থেকে নাযিল করা হয়েছে, আর মুমিনরাও (ঈমান এনেছে); তারা সবাই ঈমান এনেছে আল্লাহ্*র উপর, তার ফেরেশতাদের উপর, তার কিতাবসমুহের উপর, তার রাসুলদের উপর...” (সূরা আল বাকারাহ, ২ :২৮৫)

وَلَٰكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ

“... বরং সৎ কাজ হল এই যে, মানুষ ঈমান আনবে আল্লাহ্*র উপর, কিয়ামত দিবসের উপর, ফেরেশতাদের উপর, আল্লাহ্*র কিতাবের উপর, নবীদের উপর ...” (সূরা আল বাকারাহ, ২ :১৭৭)

الَّذِينَ يُؤْمِنُونَ بِالْغَيْبِ وَيُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ﴿٣﴾

“... যারা *গায়ব এর প্রতি ঈমান আনে এবং সালাত কায়েম করে এবং তাদের রিযক থেকে (তাদের যা দান করা হয়েছে) (তা আমার নির্দেশিত পথে) ব্যয় করে।” (সূরা আল বাকারাহ, ২ :৩)

[* আল গায়বঃ এর আক্ষরিক অর্থ হল যা দেখতে পাওয়া যায় না। কিন্তু এই শব্দটি আরও ব্যাপক অর্থ বহন করে – আল্লাহ্*কে, ফেরেশতাদেরকে, তার কিতাবসমুহকে, তার নবী রাসুলদেরকে, পুনরুত্থান দিবসকে এবং আল কদর (ভাগ্য) কে বিশ্বাস করা। এর অর্থ গুলোর মধ্যে এটিও অন্তর্ভুক্ত – যা আল্লাহ ও তার রাসুল অতীত, বর্তমান ও ভবিষ্যতের জ্ঞান সম্পর্কে মানুষদের জানিয়েছেন; যেমন, আসমান ও দুনিয়ার সৃষ্টি সম্পর্কে, উদ্ভিদ ও প্রানীদের জীবন সম্পর্কে, পূর্ববর্তী জাতিদের ঘটনা এবং বেহেশত ও দোযখ সম্পর্কে।]

নবী রাসুলদের উপর ঈমান আনার ফলে অপরিহার্য হয়ে পড়ে সেসব কিছুর উপর ঈমান আনা যা তারা প্রচার করতে আদিস্ট হয়েছিলেন। এটি অন্তর্ভুক্ত করে ফেরেশতাদের উপর, নবী রাসুলদের উপর, কিতাবের উপর (আল কুরআন), পুনরুত্থানের উপর, তাকদিরের উপর, আল্লাহ্*র গুণাবলীর উপর, বিচার দিবসের উপর, *আস সিরাত এর উপর, আমল পরিমাপের মাপকের উপর এবং বেহেশত ও দোযখের উপর ঈমান আনা।

[* আস সিরাতঃ এটি হল একটি সেতু যেটা প্রত্যেক ব্যক্তিকে জান্নাতে যাওয়ার পূর্বে পাড়ি দিতে হবে। চুলের চেয়েও সূক্ষ্ম এই সেতুর নিচে দোযখের আগুন জ্বলতে থাকবে।]

প্রত্যেক ভাল মন্দ সম্পর্কে তাকদীরকে সত্য বলে বিশ্বাস করাটাও ঈমানের সংজ্ঞার মধ্যে পড়ে। এটি ইবন উমার (রাঃ) এই হাদিসটির উপর ভিত্তি করে জানা যায়, যেখানে তিনি তাকদিরের বিষয়টি প্রত্যাখ্যানকারীদের ব্যাপারে বলেছেন। হাদিসটি হলঃ

ইয়াহইয়া বিন ইয়া'মুর থেকে বর্ণিতঃ "যে ব্যক্তি আল-কদরের ব্যাপারে প্রথম কথা বলেছিল সে ছিল বসরার লোক মা'বাদ আল জুহানি। আমি (ইয়াহইয়া) আর হুমাইদ বিন আব্দুর রহমান আল হিমাইরি হজ বা উমরা করার জন্য বের হয়ে পড়েছিলাম আর বললাম, 'যদি এমনটি ঘটে যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর কোন এক সাহাবীর সাথে আমাদের সাক্ষাত লাভ হয়, তবে আমরা তাকে এই বিষয়ে জিজ্ঞেস করবো যে তারা (সাহাবীরা) তাকদিরের ব্যাপারে কি বলেন।' অপ্রত্যাশিতভাবে আমাদের সাথে আবদুল্লাহ বিন উমার বিন আল খাত্তাব (রাঃ) এর সাথে দেখা হয়ে গেল তিনি মাসজিদে প্রবেশ করার সময়। আমার সাথী আর আমি তার কাছে গেলাম। আমাদের মধ্যে একজন তার ডানে এবং অপরজন তার বামে দাঁড়ালো। আমি আশা করেছিলাম যে আমার সাথী আমাকে কথা বলার অনুমতি দিবে। তাই আমি বললাম, 'হে আবু আবদুর রহমান (আবদুল্লাহ বিন উমার), আমাদের দেশে এমন কিছু লোকের আবির্ভাব হয়েছে যারা পবিত্র কুরআন তিলাওয়াত করে এবং জ্ঞান অন্বেষণ করে।' এরপর তাদের সম্পর্কে ব্যাখ্যা করার পর আমি বললাম, 'তারা দাবী করে যে আল-কদর বলতে কিছুই নেই এবং কোন কিছুই পূর্বে লিপিবদ্ধ করে রাখা হয় নি।' তিনি (আবদুল্লাহ বিন উমার) বললেন, 'তোমার সাথে যদি সেই লোকগুলোর দেখা হয় তবে তুমি তাদের বলবে যে আমার তাদের ব্যাপারে করার কিছু নেই এবং তাদেরও আমার ব্যাপারে করার কিছু নেই।' আবদুল্লাহ ইবন উমার (রাঃ) আল্লাহ্*র নামে শপথ করে বললেন, 'যদি তাদের (যারা আল-কদরে ঈমান আনে না) কেউ তার কাছে থাকা উহুদ পাহাড়ের সমান স্বর্ণও (আল্লাহ্*র পথে) ব্যয় করে, আল্লাহ সেটা গ্রহণ করবেন না যতক্ষণ পর্যন্ত না সে আল-কদরের উপর ঈমান আনবে।' " (মুসলিম – কিতাবুল ঈমান, হাদিস ১/৮)

ঈমানের শ্রেণীবিভাগের মধ্যে আমলও অন্তর্ভুক্ত, যা আল্লাহ কুরআনে বলেছেনঃ

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ﴿٢﴾ الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ﴿٣﴾ أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا ۚ لَّهُمْ دَرَجَاتٌ عِندَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ﴿٤﴾

"মুমিন তো হল সেসব লোক, (যাদের) আল্লাহ তা'আলাকে স্মরণ করানো হলে তাদের হৃদয় কম্পিত হয়ে উঠে এবং যখন তাদের সামনে তার আয়াতসমূহ তিলাওয়াত করা হয়, তখন তাদের ঈমান বৃদ্ধি পায় এবং তারা (সব সময়) তাদের মালিকের উপর নির্ভর করে। যারা সালাত কায়েম করে আর আমি তাদের যা কিছু (অর্থ সম্পদ) দান করেছি তা থেকে তারা (আমার পথে) খরচ করে। (মুলত) এ (গুণসম্পন্ন) লোকগুলোই হল সত্যিকারের মুমিন, তাদের রবের কাছ তাদের জন্য রয়েছে (বিপুল) মর্যাদা, ক্ষমা ও সম্মানজনক জীবিকা (-র ব্যবস্থা)।" (সূরা আল আনফাল, ৮ :২-৪)

ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আবদুল কায়েস গোত্র থেকে আসা এক প্রতিনিধিকে বলেছিলেন, "আমি তোমাকে চারটি কাজ করতে আদেশ দিচ্ছিঃ এক আল্লাহ্*র উপর ঈমান আনবে। তুমি কি জান এক আল্লাহ্*র উপর ঈমান আনা বলতে কি বুঝায় ? এটি বুঝায় এই ব্যাপারে সাক্ষ্য প্রদান করা যে, একমাত্র আল্লাহ ছাড়া এমন কারো অধিকার নেই যে তার ইবাদাহ করা যাবে এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আল্লাহ্*র রাসুল, এবং সালাত কায়েম করা, যাকাত আদায় করা, রামাদানের সিয়াম পালন করা এবং আল খুমুস (গনিমতের পাঁচ ভাগের এক অংশ যা তোমার অংশে পড়ে) এর অর্থ প্রদান করা।" (বুখারি – কিতাবুল ঈমান, হাদিস ৫৩; মুসলিম – কিতাবুল ঈমান, হাদিস – ১৭/২৩)

আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "ঈমানের রয়েছে ষাট অথবা সত্তরটির কিছু বেশী সংখ্যক শাখা, এদের মধ্যে সর্বোত্তম হল এটা ঘোষণা দেওয়া যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই; এবং এদের মধ্যে সবার নিচে যেটা রয়েছে সেটা হল পথ থেকে ক্ষতিকর

কিছু সরিয়ে ফেলা; আর লজ্জাশীলতা হল ঈমানের একটি শাখা।" (বুখারি – কিতাবুল ঈমান, হাদিস ৯; মুসলিম – কিতাবুল ঈমান, ৩৫/৫৮)

আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত আছে যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "ব্যভিচারী যখন ব্যভিচারে লিপ্ত হয় তখন সে মুমিন থাকে না। কোন ব্যক্তি মুমিন থাকা অবস্থায় চুরিতে লিপ্ত হতে পারে না। কোন ব্যক্তি মুমিন থাকা অবস্থায় মদ পানে লিপ্ত হতে পারে না।" (বুখারি – কিতাবুল মাযালিম, হাদিস ২৪৭৫; মুসলিম – কিতাবুল ঈমান, হাদিস ৫৭/১০০)

এভাবে, এই বড় গুনাহগুলো ছেড়ে দেওয়া যদি ঈমানের কোন অংশ না হতো, যে ব্যক্তি এই পাপগুলোর কোন একটি করে, সে ব্যক্তির ব্যাপারে 'ইমানদার' পরিভাষাটি অস্বীকার করা হতো না। কারন 'ইমানদার' পরিভাষাটি অস্বীকার করা হবে না যদি না এই পরিভাষার স্তম্ভ অথবা ফরয অস্বীকার করা হয়।

ঈমান ও ইসলামের পার্থক্য

ঈমান ও ইসলামের পার্থক্য হল - ঈমান হল বিশ্বাস, স্বীকারোক্তি ও অন্তর সম্পর্কিত জ্ঞান, এটি হল আল্লাহ্*র কাছে তার দাসের নিজেকে উপস্থাপন করা, তার প্রতি নম্রতা প্রদর্শন করা আর তার কাছে নিজেকে আত্মসমর্পণ করা। এভাবে ইসলাম হল আমল বা কাজ (অপরপক্ষে, বিশ্বাস ও জ্ঞান)।

এটি হল সেই আমল যাকে আল্লাহ কুরআনে "আদ দ্বীন" হিসেবে আখ্যা দিয়েছেন। অপরদিকে হাদিসে জিব্রাইলে দেখা যায়, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) দ্বীন হিসেবে আখ্যা দিয়েছেন ইসলাম, ঈমান ও ইহসান কে।

এ থেকে প্রমাণ পাওয়া যায়, যদি এই দুই পরিভাষার কোন একটি পরিভাষা ব্যাবহার করা হয়, তবে অপর পরিভাষার অর্থও গৃহীত পরিভাষার অন্তর্ভুক্ত থাকবে। কিন্তু যখন একটির সাথে অপরটির তুলনা করা হয়, যেক্ষেত্রে ঈমানের সংজ্ঞা অন্তরের বিশ্বাসের একটি শ্রেণীভুক্ত এবং ইসলাম হল আমলের শ্রেণীভুক্ত; সেক্ষেত্রে পার্থক্য দেখা যায়।

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) মৃত ব্যক্তির জানাযার সালাতে দুয়া করতেন, "হে আল্লাহ, আপনি আমাদের যাকে জীবিত রাখেন, তাকে ইসলামের

উপর জীবিত রাখুন এবং আমাদের যাকে মৃত্যু দেন, তাকে ঈমানের সাথে মৃত্যু দিন।" (মুসনাদে আহমাদ – খণ্ড ২, হাদিস ৩৬৮; আবু দাউদ – কিতাবুল জানাইয, হাদিস ৩২০১; তিরমিযি – কিতাবুল জানাইয, হাদিস ১০২৩; ইবন মাজাহ – কিতাবুল জানাইয, হাদিস ১৪৯৮; সবকটি হাদিসই আবু হুরাইরা থেকে বর্ণিত হয়েছে)

কারন মানুষ অঙ্গ প্রত্যঙ্গের মাধ্যমে আমল করতে পারে কেবল এই দুনিয়ার জীবনেই; পক্ষান্তরে, মৃত্যুর সময় অন্তরের ঈমান ছাড়া আর কিছুই থাকে না।

এই পয়েন্ট থেকে নির্ভরযোগ্য আলিমরা বলেছেন, "সকল মুমিনই মুসলিম। যারা ঈমান এনেছে এবং তা অন্তরে দৃঢ়ভাবে বসিয়ে নিয়েছে, সেটা তাদেরকে দ্বীন ইসলামের আমলগুলো করতে উদ্বুদ্ধ করে।"

এটা তো সেটাই, যেমনটি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "সাবধান! শরীরে এমন এক টুকরো মাংস রয়েছে তা যদি ভালভাবে সংশোধন করা হয় তবে পুরো শরীর ভাল হয়ে যাবে, কিন্তু যদি এটি বিনস্ট হয় তবে পুরো শরীরই বিনস্ট হয়ে যাবে; আর এটি হল কলব।"

এভাবে, যদি অঙ্গ-প্রত্যঙ্গ ইসলামের আমল অনুসরন না করে তবে অন্তর ঈমান অর্জন করবে না। তবে প্রত্যেক মুসলিমই মুমিন নয়। কারন তার ঈমান দুর্বল অথবা পূর্ণ ঈমান অর্জন করতে পারে নি তার শরীরের অঙ্গের দ্বারা ইসলামের আমলগুলো সম্পাদন করা সত্তেও। এক্ষেত্রে সে একজন মুসলিম তবে পূর্ণ ঈমান বিশিস্ট মুমিন নয়। এটি ঠিক তেমন, যেমনটি আল্লাহ বলেছেন,

قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا ۖ قُل لَّمْ تُؤْمِنُوا وَلَٰكِن قُولُوا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۖ

"বেদুইনরা বলে, 'আমরা ঈমান এনেছি'। তুমি বল, 'না, তোমরা (সঠিক অর্থে এখনও) ঈমান আনোনি, তোমরা (বরং) বল – আমরা (ইসলামে) আত্মসমর্পণ করলাম', কারন তোমাদের অন্তরে এখনও (যথার্থ) ঈমান প্রবেশ করেনি ..." (সূরা আল হুজুরাত, ৪৯ :১৪)

এভাবেই, কুরআনের বেশীরভাগ সঠিক তাফসিরকারকদের মতে বেদুইনেরা পুরোপুরিভাবে মুনাফিক নয়, বরং তাদের ঈমান দুর্বল। এটি ইবন আব্বাস (রাঃ) ও অন্যান্যদের মতামত। আর এই বিষয়টি আল্লাহ্*র এই আয়াত দ্বারা ইঙ্গিত করা হয়েছেঃ

وَإِن تُطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٤﴾

"এবং তোমরা যদি সত্যিই আল্লাহ ও তার রাসুলের আনুগত্য করো, তবে আল্লাহ তোমাদের কর্মফলের সামান্য পরিমাণও কমিয়ে দেবেন না, নিঃসন্দেহে আল্লাহ বারবার ক্ষমাকারী ও পরম করুণাময়।" (সূরা আল হুজুরাত, ৪৯ :১৪)

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর হাদিসঃ "তার পুরষ্কারের কিছুই কমানো হবে না"

এটা স্পষ্ট হল, সেই বেদুইনদের কিছু পরিমাণ ঈমান ছিল যার কারনে তাদের আমল গ্রহণযোগ্য ছিল।

একইভাবে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর সেই হাদিস – যখন সা'দ বিন আবি ওয়াক্কাস (রাঃ) রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কে জিজ্ঞেস করলেন, "ইয়া রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম), অমুক ব্যক্তিকে আপনি দান করলেন না কেন ? সে তো একজন মুমিন।" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বললেন, "নাকি মুসলিম ?" ... (বুখারি – কিতাবুল ঈমান, হাদিস ২৭; মুসলিম – কিতাবুল ঈমান, হাদিস ১৫০)

এই হাদিসটি ইঙ্গিত করে, সে ব্যক্তি ঈমানের লেভেলে পৌঁছায় নি। বাহ্যিকভাবে যেটা অনুসারে বিচার করা হয়েছিলো তা হল এই যে, সে ইসলামের লেভেলে ছিল।

কোনও সন্দেহ নেই যে, যখন অভ্যন্তরীণভাবে ঈমান দুর্বল হয়ে যায়, এর ফলে শরীরের অঙ্গ দ্বারা সংঘটিত বাহ্যিক আমলগুলো দুর্বল হতে থাকে। ফরয আমল উপেক্ষা করার মাধ্যমে কোন ব্যক্তির ঈমান বাতিল হয়ে যায়। যেমনটি এই হাদিসে

বলা আছে – "ব্যভিচারী যখন ব্যভিচারে লিপ্ত হয় তখন সে মুমিন থাকে না।" (বুখারি – কিতাবুল মাযালিম, হাদিস ২৪৭৫; মুসলিম – কিতাবুল ঈমান, হাদিস – ৫৭/১০০)

ইহসানের অর্থ

কুরআনের বিভিন্ন স্থানে ইহসানের উল্লেখ করা আছে – কখনো ঈমানের সাথে ইহসান এক সাথে উল্লেখ করা আছে, আবার কোথাও ইসলাম, তাকওয়া অথবা সৎ আমলের সাথে এর উল্লেখ আছে।

ইহসান ও ঈমান একসাথে কুরআনে উল্লেখ আছে, যেমনঃ

لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا إِذَا مَا اتَّقَوا وَّآمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ثُمَّ اتَّقَوا وَّآمَنُوا ثُمَّ اتَّقَوا وَّأَحْسَنُواۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿٩٣﴾

"যারা ঈমান এনেছে এবং সৎ কর্ম করেছে, (এ নিষেধাজ্ঞা জারির আগে) তারা যা কিছু খেয়েছে তার জন্য তাদের উপর কোন গুনাহ নেই, যদি তারা আল্লাহ্*কে ভয় করে (তার নিষিদ্ধ ঘোষিত আমল থেকে দূরে থাকার মাধ্যমে) আর ঈমান আনে ও সৎ কর্ম করে, অতপর তাকওয়া অবলম্বন করে করে আর ঈমান আনে, অতঃপর তাকওয়া অবলম্বন করে এবং সৎ কর্ম করতে থাকে, এবং আল্লাহ মুহসিন (সৎকর্মশীল) লোকদের ভালবাসেন।" (সূরা আল মাইদাহ, ৫ :৯৩)

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ إِنَّا لَا نُضِيعُ أَجْرَ مَنْ أَحْسَنَ عَمَلًا ﴿٣٠﴾

"নিশ্চয়ই যারা আল্লাহ্*র উপর ঈমান এনেছে এবং সৎ কর্ম করেছে (তাদের কোন আশংকা নেই), যারা সৎ কর্ম করে আমি কখনো তাদের বিনিময় নস্ট করি না।" (সূরা আল কাহফ, ১৮ :৩০)

ইহসানের সাথে ইসলামের উল্লেখ রয়েছে এমন কিছু আয়াতঃ

بَلَىٰ مَنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ فَلَهُ أَجْرُهُ عِندَ رَبِّهِ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١١٢﴾

“যে ব্যক্তিই (আল্লাহ্*র সামনে) নিজের সত্তাকে সমর্পণ করে দিবে এবং সে হবে অবশ্যই একজন মুহসিন ব্যক্তি, তার জন্য তার রবের কাছে (এর) বিনিময় আছে, তাদের কোন ভয় নেই আর না তারা (সেদিন) চিন্তিতও হবে।” (সূরা আল বাকারাহ, ২ :১১২)

وَمَن يُسْلِمْ وَجْهَهُ إِلَى اللَّهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ ۗ وَإِلَى اللَّهِ عَاقِبَةُ الْأُمُورِ ﴿٢٢﴾

“যদি কোন মুহসিন ব্যক্তি আল্লাহ্*র কাছে নিজেকে (সম্পূর্ণ) সমর্পণ করে দেয়, সে (এর দ্বারা) একটি মযবুত হাতল ধরলো, আর যাবতীয় কাজকর্মের চূড়ান্ত পরিণাম আল্লাহ্*র কাছে।” (সূরা লুকমান, ৩১ :২২)

ইহসানের সাথে তাকওয়ার উল্লেখ রয়েছেঃ

إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ اتَّقَوا وَّالَّذِينَ هُم مُّحْسِنُونَ ﴿١٢٨﴾

“নিঃসন্দেহে আল্লাহ তাদের সাথে আছেন যারা তাকওয়া অবলম্বন করে এবং যারা মুহসিন।” (সূরা নাহল, ১৬ :১২৮)

ইহসানকে এককভাবেও কুরআনে উল্লেখ করা আছেঃ

لِّلَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ وَزِيَادَةٌ ۖ

“যারা সৎ কর্ম করেছে তাদের জন্য থাকবে উত্তম পুরস্কার (জান্নাত) এবং এর থেকেও বেশী (অর্থাৎ, আল্লাহ্*র পবিত্র চেহারা দেখার এক বিরাট সম্মান)।” (সূরা ইউনুস, ১০ :২৬)

সহিহ মুসলিমে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) উপরোক্ত আয়াতের “এর থেকেও বেশী” - এর তাফসীর করেছেন যে, এটা দ্বারা বুঝানো হচ্ছে জান্নাতে আল্লাহ্*র পবিত্র চেহারা দেখতে পাওয়া। (এই হাদিসটি রয়েছে এখানে - মুসলিম – কিতাবুল ঈমান, ১৮১/২৯৮; মুসনাদে আহমাদ – ৪/৩৩২,৩৩৩)

আল্লাহ্*র পবিত্র চেহারা দেখার এই মর্যাদা পাবে মুহসিন ব্যক্তিরা। এই বিরাট সম্মানজনক পুরষ্কারের কারন হল, ইহসান হল মুমিন বান্দার তার রবের প্রতি

এমন এক ইবাদাত যেন তার রব তার সামনেই উপস্থিত আছেন। সে তার রবকে ভয় করে এমনভাবে যেন সে রবকে তার অন্তর দিয়ে দেখছে এবং ইবাদাত করার সময় সে তাকে দেখছে। তাই পরকালে তার পুরস্কার হবে তার নিজ চোখে সত্যিকার অর্থেই আল্লাহ্*কে দেখতে পাওয়া। এটি বুঝা যায় কুরআনের সেই আয়াত থেকে, যেখানে আল্লাহ পরকালে অবিশ্বাসীদের জন্য তার প্রতিদানের কথা উল্লেখ করেছেন,

كَلَّا إِنَّهُمْ عَن رَّبِّهِمْ يَوْمَئِذٍ لَّمَحْجُوبُونَ ﴿١٥﴾

"নিঃসন্দেহে পাপী ব্যক্তিদেরকে তাদের রবকে দেখা থেকে আড়াল করে রাখা হবে।" (সূরা আল মুতাফফিফিন, ৮৩ : ১৫)

আল্লাহ পাপী ব্যক্তিদের এই বিনিময় দিবেন দুনিয়াতে তাদের অবস্থার কারনে (তাদের অন্তরে জমিয়ে রাখা পাপ ও অসৎ কাজ, যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ্*কে জানা ও ভয় করা থেকে নিজেদের আড়াল করে রাখে)। তাই পরকালে আল্লাহ্*র কাছে এর প্রতিদান হল পরকালেও তাদের পর্দা টেনে দেওয়া, যাতে তারা তখনও আল্লাহ্*কে দেখতে না পারে।

ইহসানের ব্যাখ্যার ব্যাপারে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর হাদিস – "ইহসান হল এটি যে, তুমি এমনভাবে আল্লাহ্*র ইবাদাহ করবে যেন তুমি তাকে দেখতে পাচ্ছ ....." – এটি ইঙ্গিত করে, বান্দা আল্লাহ্*র ইবাদাত করবে, তার নৈকট্য খুঁজবে এবং মনে করবে যে সে আল্লাহ্*র হাতের মধ্যে রয়েছে যেন সে আল্লাহ্*কে দেখতে পাচ্ছে। এর ফলে সৃষ্টি হয় তাকওয়া, তার প্রতি সশ্রদ্ধ ভয় এবং এতে তার নিকট পদমর্যাদার উন্নতি ঘটে; এছাড়াও ইবাদাতে শুদ্ধতা আর কর্ম প্রচেষ্টার উদ্যমের উন্নতি ঘটে এবং আরও নির্ভুল হয়।

"যদি তুমি মনে করো যে তুমি তাকে দেখতে পাচ্ছ না, তবে জেনে রাখো তিনি তোমাকে দেখছেন"

বলা হয় যে হাদিসের এ অংশটুকু এর প্রথম অংশের ("তুমি এমনভাবে আল্লাহ্*র ইবাদাহ করবে যেন তুমি তাকে দেখতে পাচ্ছ") কারন।

যখন আদেশ দেওয়া হল, তখন আল্লাহ্*র বান্দা তার ইবাদাত করার ক্ষেত্রে তাকে ভয় পাওয়ার ব্যাপারে এবং যতক্ষন পর্যন্ত না তাকে দেখতে পাচ্ছে ততক্ষন তার নিকটে অবস্থানের অনুভূতি – এসব ক্ষেত্রে কাঠিন্যতার মুখোমুখি হতে পারে।

তাই সে এভাবে তার ঈমান অবলম্বন করবে যে, আল্লাহ তাকে দেখছেন এবং তিনি তার গোপন বিষয় ও নিয়্যত সম্পর্কে জানেন, তিনি জানেন তার গোপন ও প্রকাশ্য বিষয় এবং তার কোন কিছুই আল্লাহ্*র কাছ থেকে গোপন নয়। সে যদি এই ধাপ অর্জন করতে পারে, তবে তার জন্য দ্বিতীয় ধাপে চলে যাওয়া সহজ হবে, যেটা হল আল্লাহ্*র সাহায্য ও তার নৈকট্যের ব্যাপারে সবসময়ই দৃঢ়ভাবে নিশ্চিত থাকা, যতক্ষণ না পর্যন্ত সে যেন আল্লাহ্*কে দেখতে পেলো।

অন্যান্য আলিমরা বলেছেন, "বরং এটি আল্লাহ'র ইবাদাতে কাঠিন্যতা পাওয়া ব্যক্তির প্রতি নির্দেশনা – আল্লাহ তাকে দেখছেন এটা জেনে এমনভাবে ইবাদাত করা যেন সে আল্লাহ্*কে দেখছে।"

এই জ্ঞানের কারনে আল্লাহ্*র দৃষ্টির সামনে তার লজ্জাশীলতা অনুভূত হবে, যেমনটি বলেছেন কিছু আলিম, "আল্লাহ্*কে ভয় করুন, যাতে তিনি যেন তাদের মধ্যে ন্যূনতম একজন না হয়ে যান, যিনি আপনাকে দেখছেন (যারা আপনাকে দেখছে তাদের কাছ থেকে আপনার লজ্জাশীলতার ব্যাপারটি বিবেচনা করো)।"

আবার কিছু আলেম বলেছেন, "আপনাদের উপর আল্লাহ্*র ক্ষমতার পরিমানের ব্যাপারে ভয় করুন এবং আপনাদের সাথে আল্লাহ্*র নৈকট্যের পরিমানের ব্যাপারে তার সামনে লজ্জাশীল থাকুন।"

আমাদের পূর্ববর্তী ধার্মিক ব্যক্তিগনের (সালাফদের) মধ্য থেকে কিছু জ্ঞানী ব্যক্তি উল্লেখ করেছেন, "যে ব্যক্তি কাজ করার সময় আল্লাহ্*কে (অন্তর দিয়ে) দেখে, সে তাদের মধ্যে একজন যে আল্লাহ সম্পর্কে অবগত আছে; আর আল্লাহ দেখছে এটা জেনে যে ব্যক্তি কাজ করে, সে মুখলিস (একনিষ্ঠ) ব্যক্তিদের একজন।"

শেষের এই বিবৃতিতে দুই পদমর্যাদার উল্লেখ আছে যা পূর্বে উল্লেখ করা হয়েছিলঃ

(১) ইখলাসের অবস্থা :ইখলাস হল আল্লাহ্*র পর্যবেক্ষণ করার ব্যাপারটি অন্তরের ভিতর ও বাইরে উপস্থিত রেখে আল্লাহ্*কে দেখার ইচ্ছা আর তার

নিকটস্থ হওয়ার লক্ষ্যে বান্দা কতৃক আমল। বান্দা যখন তার আমলের ব্যাপারে আল্লাহ্*র পর্যবেক্ষণ কামনা করে আর এর শেষ পর্যন্ত কাজ করে যেতে থাকে, তখন সে সত্যিই মুখলেস বান্দা হয়ে যায়, যে কেবলমাত্র আল্লাহ্*র সন্তুষ্টির জন্য আমল করে থাকে। কারন সে তার আমলের মাধ্যমে আল্লাহ্*র সন্তুষ্টি খুঁজে, যা আল্লাহকে ছাড়া অন্য কিছুকে সন্তুষ্টি করা থেকে তাকে ফিরিয়ে রাখে।

(২) আল্লাহ্*কে দেখার ব্যাপারে অবস্থা :এটা হল বান্দা কতৃক সংগ্রাম করা, যা ভিত্তি করে সেটার উপর, যেটার কারনে অন্তর আল্লাহ্*কে নিয়ে গভীরভাবে চিন্তা করে ও আল্লাহ্*র দিকে মুখ করে এবং যেটা অন্তরকে ঈমানের আলোয় আলোকিত করে। অন্তর্দৃষ্টি জ্ঞানের ভিতর প্রবেশ করে যতক্ষণ না পর্যন্ত এটি চোখের ন্যায় হয়ে পড়ে। এটি হল ইহসানের অবস্থার বাস্তবতা,যা হাদিসে জিব্রাইলে উল্লেখ করা আছে। আর এই অবস্থার ব্যক্তিরা তাদের অন্তর্দৃষ্টির প্রবলতা অনুযায়ী জাগরিত হয়।

কুরআনের বিভিন্ন অংশে এই অর্থগুলো নির্দেশ করা হয়েছেঃ

وَهُوَ مَعَكُمْ أَيْنَ مَا كُنتُمْ ۚ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٤﴾

"..... এবং তিনি তোমাদের সাথেই আছেন (তার জ্ঞানের মাধ্যমে), তোমরা যা কিছু করছ আল্লাহ তার সব কিছুই দেখছেন।" (সূরা আল হাদিদ, ৫৭ :৪)

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۖ مَا يَكُونُ مِن نَّجْوَىٰ ثَلَاثَةٍ إِلَّا هُوَ رَابِعُهُمْ وَلَا خَمْسَةٍ إِلَّا هُوَ سَادِسُهُمْ وَلَا أَدْنَىٰ مِن ذَٰلِكَ وَلَا أَكْثَرَ إِلَّا هُوَ مَعَهُمْ أَيْنَ مَا كَانُوا ۖ ثُمَّ يُنَبِّئُهُم بِمَا عَمِلُوا يَوْمَ الْقِيَامَةِ ۚ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٧﴾

"কখনো এমন হয় না যে, তিন ব্যক্তির মধ্যে কোন গোপন সলাপরামর্শ হয় এবং (সেখানে) 'চতুর্থ' হিসেবে আল্লাহ উপস্থিত থাকেন না এবং পাঁচ জনের মধ্যে 'ষষ্ঠ' হিসেবে সেখানে থাকেন না, (এ সলাপরামর্শকারীদের সংখ্যা) তার চেয়ে কম হোক কিংবা বেশী, তারা যেখানেই থাকুক না কেন, আল্লাহ সবসময়ই তাদের সাথে আছেন, অতঃপর কেয়ামতের দিন আল্লাহ তাদের সবাইকে বলে দিবেন তারা কি কাজ করে এসেছে; আল্লাহ সকল বিষয়ে সম্যক অবগত আছেন।" (সূরা আল মুজাদিলাহ, ৫৮ :৭)

وَمَا تَكُونُ فِي شَأْنٍ وَمَا تَتْلُو مِنْهُ مِن قُرْآنٍ وَلَا تَعْمَلُونَ مِنْ عَمَلٍ إِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُودًا إِذْ تُفِيضُونَ فِيهِ ۚ وَمَا يَعْزُبُ عَن رَّبِّكَ مِن مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَلَا أَصْغَرَ مِن ذَٰلِكَ وَلَا أَكْبَرَ إِلَّا فِي كِتَابٍ مُّبِينٍ ﴿٦١﴾

"(হে নবী,) তুমি যে কাজেই থাকো না কেন এবং সে (কাজ) সম্পর্কে কুরআন থেকে যা কিছু তিলাওয়াত করো না কেন (তা আমি জানি, হে মানুষেরা), তোমরা যে কোন কাজ করো, কোনও কাজে তোমরা যখন প্রবৃত্ত হও, আমি তার ব্যাপারে তোমাদের উপর সাক্ষী হয়ে থাকি, তোমাদের মালিকের (দৃষ্টি) থেকে একটি অনু পরিমাণ জিনিষও গোপন থাকে না, আসমান ও জমিনে এর চাইতে ছোট কিংবা এর চাইতে বড় কোন কিছুই নেই যা এ সুস্পস্ট গ্রন্থে লিপিবদ্ধ নেই।" (সূরা ইউনুস, ১০ :৬১)

وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ ﴿١٦﴾

"..... আমি তার ঘাড়ের রগ থেকেও তার অনেক কাছে থাকি (আমার জ্ঞানের মাধ্যমে)।" (সূরা কাফ, ৫০ :১৬)

يَسْتَخْفُونَ مِنَ النَّاسِ وَلَا يَسْتَخْفُونَ مِنَ اللَّهِ وَهُوَ مَعَهُمْ إِذْ يُبَيِّتُونَ مَا لَا يَرْضَىٰ مِنَ الْقَوْلِ ۚ وَكَانَ اللَّهُ بِمَا يَعْمَلُونَ مُحِيطًا ﴿١٠٨﴾

"... কিন্তু তারা আল্লাহ্*র কাছ থেকে (নিজেদের অপরাধ) লুকোতে পারবে না ..... তিনি তাদের সাথে আছেন (তার জ্ঞানের মাধ্যমে)।" (সূরা আন নিসা, ৪ :১০৮)

নির্ভরযোগ্য হাদিসে মুসলিমদেরকে ইবাদাতের মাধ্যমে আল্লাহ্*র নৈকট্য চাওয়ার ব্যাপারে উৎসাহ দেওয়া হয়েছে, যেমন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর হাদিসঃ

"তোমাদের মধ্যে যে কেউই সালাতে দাঁড়ায়, সে তার রবের সাথে গোপনে কথা বলে অথবা তার রব থাকে তার আর কিবলা উভয়ের মাঝে।" (বুখারি – কিতাবুস সালাহ, হাদিস – ৪০৫; মুসলিম – কিতাবুল মাসাজিদ, ৫৪/৫৫১)

এছাড়াও এটি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এর অপর হাদিসেও পাওয়া যায়ঃ

"তোমাদের মধ্যে কেউ যখন সালাতে দাঁড়ায় তখন আল্লাহ তার সামনে থাকেন।" (বুখারি – কিতাবুস সালাহ, হাদিস – ৪০৬; মুসলিম – কিতাবুল মাসাজিদ, ৫০/৫৪৭)

যারা উচ্চস্বরে আল্লাহ্*র প্রশংসা করে তাদের ব্যাপারে একই অর্থ প্রকাশ করে এমন আরেক হাদিসঃ

"তোমরা এমন কারো ইবাদাত করছো না যিনি বধির বা অনুপস্থিত। নিঃসন্দেহে তোমরা যাকে ডাকছো তিনি সবই শুনেন এবং তোমাদের কাছেই আছেন আর তোমাদের সাথেই আছেন।" (বুখারি – কিতাবুল কদর, হাদিস ৬৬১০; মুসলিম – কিতাবুজ জিকর ওয়াদ দু'য়া, ৪৪/২৪০৭)

আরেক বর্ণনায় আছেঃ

"তোমার ঘাড় থেকে মাথা যতখানি নিকটবর্তী, তিনি তোমাদের মধ্যে কোন ব্যক্তির প্রতি তার চেয়েও অধিক নিকটবর্তী।"

এবং আরেকটি বর্ণনা হলঃ

"তিনি তোমাদের ঘাড়ের শিরার থেকেও অধিক নিকটবর্তী।" (মুসলিম – কিতাবুয যিকর ওয়াদ দু'আ, ৪৬/২৭০৪)

আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন যে আল্লাহ বলেছেন, "আমার বান্দা আমার সম্পর্কে যে ধারণা পোষণ করে থাকে আমি বান্দার সে ধারনার নিকটেই আছি। অর্থাৎ সে ধারণা অনুযায়ী ফল দিয়ে থাকি। এবং বান্দা যখন আমাকে স্মরণ করে তখন আমি তার সাথেই থাকি। বান্দা যদি আমাকে তার অন্তরে স্মরণ করে তবে আমিও তাকে আমার অন্তরে স্মরণ করি আর সে যদি কোন জনসমষ্টি নিয়ে স্মরণ করে তবে আমিও বিশেষ দল নিয়ে স্মরণ করি যা তাদের জনসমষ্টি থেকে উত্তম। বান্দা যখন আমার নিকট এক বিঘত নিকটবর্তী হয় তখন আমি তার নিকট একহাত নিকটবর্তী হই। আর সে একহাত অগ্রসর হলে আমি দুই হাত অগ্রসর হই। সে যদি আমার

দিকে হেঁটে আসে তবে আমি তার দিকে দৌড়ে যাই।" (বুখারি – কিতাবুত তাওহীদ, হাদিস ৭৪০৫; মুসলিম – কিতাবুজ জিকর ওয়াদ দু'আ, ২১/২৬৭৫)

যে ব্যক্তি বুঝে নিবে যে এই হাদিসটি নাস্তিকতা, অবতারত্ব অথবা আল্লাহ ও তার সৃষ্টিকে একত্রীকরণ করাকে নির্দেশ করে, এটা তার অজ্ঞতা এবং আল্লাহ্* ও তার রাসুল (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কে বুঝার ত্রুটি থেকে তার এই অনুমান উদ্ভুত হবে।

নিঃসন্দেহে আল্লাহ ও তার রাসুল (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) এসব আনুমানিক ব্যাপার থেকে মুক্ত, আর মহান আল্লাহ্* তার সৃষ্টির কোন কিছুর মতো নয় (অদ্বিতীয়), তিনি সব শুনেন, সব দেখেন।

কিয়ামত কবে সংঘটিত হবে ?

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কে জিব্রাইল জিজ্ঞেস করেছিলেন কিয়ামতের সময় সম্পর্কে। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) তাকে জবাব দিয়েছিলেন, "জিজ্ঞাসাকৃত ব্যক্তি জিজ্ঞাসাকারীর অপেক্ষা বেশী জানেন না।"
এর অর্থ হল কেয়ামতের দিনকাল সম্পর্কে সকল সৃষ্টির জ্ঞানই সমান (অর্থাৎ, আল্লাহ ছাড়া কেউই এ ব্যাপারে জানে না)।

এটি একটি নিদর্শন যে একমাত্র আল্লাহই এই জ্ঞানের অধিকারী, যেমনটি আবু হুরাইরা (রাঃ) বর্ণিত হাদিস থেকে জানা যায় রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "এমন পাঁচটি বিষয় আছে যা আল্লাহ ছাড়া কেউই জানেন না," এরপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) কুরআনের এই আয়াতটি তিলাওয়াত করলেনঃ

إِنَّ اللَّهَ عِندَهُ عِلْمُ السَّاعَةِ

"নিঃসন্দেহে একমাত্র আল্লাহ্*রই রয়েছে কিয়ামত সম্পর্কে জ্ঞান" (সূরা লুকমান, ৩১ : ৩৪)

আল্লাহ বলেছেন,

يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِندَ رَبِّي لَا يُجَلِّيهَا لِوَقْتِهَا إِلَّا هُوَ ثَقُلَتْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَا تَأْتِيكُمْ إِلَّا بَغْتَةً

